# ভারতের স্বার্থ রক্ষায় শেখ হাসিনা কাজ করেছেন: রিজভী




রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

শেখ হাসিনাকে আশ্রয় দেওয়ার মাধ্যমে ভারত বাংলাদেশের বিষয়ে নিজেদের স্বার্থ রক্ষা করতে চাইছে বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবীর রিজভী।

বৃহস্পতিবার (১৩ আগস্ট) দুপুরে নির্বাচন ভবনে রাষ্ট্রপতি পদে মির্জা ফখরুল ইসলাম আলমগীরের মনোনয়নপত্র জমা দেওয়ার পর সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় তিনি এ মন্তব্য করেন।

রিজভীর অভিযোগ, বাংলাদেশের প্রতি ভারতের আগ্রাসী অবস্থানের অংশ হিসেবেই শেখ হাসিনাকে দেশটি আশ্রয় দিয়েছে। তার দাবি, ক্ষমতায় থাকার সময় শেখ হাসিনা ভারতের স্বার্থকে গুরুত্ব দিয়ে বিভিন্ন সিদ্ধান্ত নিয়েছেন এবং দেশের সার্বভৌমত্বের সঙ্গে আপস করেছেন।

শেখ হাসিনাকে দেশে ফিরিয়ে এনে বিচারের মুখোমুখি করার কথা উল্লেখ করে বিএনপির এই নেতা বলেন, তার আমলে গুম, খুনসহ বিভিন্ন ঘটনার সঙ্গে যারা জড়িত ছিলেন, তাদেরও বিচারের আওতায় আনা প্রয়োজন।

রিজভী বলেন, দীর্ঘদিন ক্ষমতায় থাকার কারণে শেখ হাসিনা নিজেকে সবকিছুর উর্ধ্বে মনে করেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত পরিস্থিতির কাছে পরাজিত হয়ে তাকে দেশ ছাড়তে হয়েছে। তার ভাষ্য, আল্লাহ ও জনগণের শক্তিকে উপেক্ষা করার পরিণতিই তিনি পেয়েছেন।

শেখ হাসিনার দেশে ফেরার বক্তব্যের প্রসঙ্গ টেনে রিজভী বলেন, যাদের বিরুদ্ধে এত মানুষের মৃত্যুর অভিযোগ রয়েছে, তাদের বিচারের মুখোমুখি হওয়া উচিত। তিনি আরও বলেন, দেশে আইনের শাসন নিশ্চিত করতে গুম, হত্যাকাণ্ড ও বিচারবহির্ভূত হত্যার অভিযোগে জড়িতদের জবাবদিহির আওতায় আনতে হবে।

LENS ASIA